



## বিএনপির সংরক্ষিত নারী আসনে ৩৬ জনের মনোনয়ন ঘোষণা



নয়াপল্টনে বিএনপির দলীয় কার্যালয়ে সোমবার সংবাদ সম্মেলনে বক্তব্য দেন রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের জন্য ৩৬ জন প্রার্থীর নাম চূড়ান্ত করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।

সোমবার সকালে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

তিনি জানান, সংরক্ষিত নারী আসনে দলীয়ভাবে নির্বাচিত ৩৬ জন প্রার্থীর তালিকা প্রস্তুত করা হয়েছে। এই তালিকায় বিভিন্ন পেশা ও রাজনৈতিক অভিজ্ঞতাসম্পন্ন নারীরা স্থান পেয়েছেন।

মনোনীতদের মধ্যে রয়েছেন— সেলিমা রহমান, শিরিন সুলতানা, রাশেদা বেগম হিরা, রেহানা আক্তার রানু, নেওয়াজ হালিমা আলি, মোসাম্মৎ ফরিদা ইয়াসমিন, বিলকিস ইসলাম, ব্যারিস্টার শাকিলা ফারজানা, হেলেন জেরিন খান, নিলুফার চৌধুরী মনি, নিপুণ রায় চৌধুরী, জেবা আমিন খান, মাহমুদা হাবিবা, সাবিরা সুলতানা, ডা. সানসিলা জেবরিন, সানজিদা ইসলাম তুলি, সুলতানা আহমেদ, ফাহিমদা হক, আন্না মিজ, সুবর্ণা শিকদার, শামীম আরা বেগম স্বপা, শামীম আক্তার, ফেরদৌসী আহমেদ, বিথীকা বিনতে হুসাইন, সুরাইয়া জেরিন, মানছুরা আক্তার, জহরত আদিব চৌধুরী, মমতাজ আলম, ফাহিমা নাসরিন, আরিফা সুলতানা, সানজিদা ইয়াসমিন, শওকত আর আক্তার, মাখবী মারমা, সেলিনা সুলতানা ও রেজেকা সুলতানা।

দলীয় সূত্রে জানা যায়, সংসদে নারীদের প্রতিনিধিত্ব আরও শক্তিশালী করতেই এই মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।